Michigan Voting.org

কীভাবেঃ

নির্বাচনের দিন ভোট দেবেন

মিশিগানের সকল নিবন্ধিত ভোটার নির্বাচনের দিন সশরীরে ভোট দিতে পারেন। **স্থানীয় সময় সকাল ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকে;** এবং আপনি যদি রাত ৮টার মধ্যে লাইনে দাঁড়ান, তাহলে আপনার ভোট দেওয়ার অধিকার রয়েছে।

নির্বাচনের দিন আমি কোথায় ভোট দেব?
আপনি যেখানে বসবাস করেন, সেই ঠিকানায় ভোটার হিসেবে নিবন্ধিত থাকলে আপনাকে আপনার অবশ্যই নির্ধারিত ভোটকেন্দ্রে ভোট দিতে হবে। আপনার ভোটকেন্দ্রের ঠিকানা যেভাবে জানতে পারবেন:

- mi.gov/vote-এ গিয়ে “Your voter information” অপশনে ক্লিক করে।
- আপনার স্থানীয় কেরানীর অফিসে ফোন করে।
- (866) OUR-VOTE নাম্বারে ফোন করে।



আপনি যেখানে বসবাস করেন, সেই ঠিকানায় ভোটার হিসেবে নিবন্ধিত না থাকলে, নির্বাচনের দিন রাত ৮টার মধ্যে বসবাসের প্রমাণপত্রসহ আপনার স্থানীয় কেরানীর অফিসে গিয়ে বর্তমান ঠিকানায় ভোটার হিসেবে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের পর আপনি কেরানীর অফিসে অনুপস্থিত ভোটের ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন, অথবা সময় থাকলে আপনার ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে পারেন।

বসবাসের প্রমাণপত্র সম্পর্কে আরও তথ্যের জন্য michiganvoting.org/register-to-vote - এ যান।

ডেট্রয়েটের মতো কিছু এলাকায় নির্বাচনের দিন ভোটকেন্দ্র (Election Day Vote Centers) থাকবে। নির্বাচনের দিন ভোটকেন্দ্র হলো এমন একটি স্থান, যেখানে ভোটাররা গিয়ে নিবন্ধন করতে পারেন, এরপর ব্যালট সংগ্রহ করে সেটি পূরণ করতে, এবং ট্যাবুলেটরে জমা দিতে পারেন। আপনার এলাকায় নির্বাচনের দিন ভোটকেন্দ্র আছে কি না জানতে mi.gov/vote-এ গিয়ে “Your voter information” অপশনে ক্লিক করুন।



এই নির্দেশিকাটি ১ জুন, ২০২৬ পর্যন্ত সঠিক। সর্বশেষ তথ্যের জন্য *MichiganVoting.org* - এ যান।